

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩২০

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوْلُ

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّمَا يَلْبَسُ الْحَرِيرَ فِي الدُّنْيَا مَنْ لَا خَلَاقَ لَهُ فِي الْآخِرَة»

#### বাংলা

৪৩২০-[১৭] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সেই ব্যক্তিই দুনিয়াতে রেশমী পোশাক পরিধান করে থাকে, আখিরাতে যার ভাগে তা থাকবে না। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৮৩৫, মুসলিম (২০৬৮)-৭, সহীহুল জামি' ২৩৮৭, আল জামি'উস্ সগীর ৪১৫২, মুসনাদে আবৃ ইয়া'লা ৫৮১৪, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৩২৭, আল আদাবুল মুফরাদ ৩৪৯, নাসায়ী ৫২৯৫, ইবনু মাজাহ ৩৫৯১, আবৃ দাউদ ৪০৪০, মুসনাদুশ্ শাফি'ঈ ২৬৭, শু'আবুল ঈমান ৬১০৮, আল মু'জামুল কাবীর লিত্ব তুবারানী ৭৪৩০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এ হাদীসের ব্যাখ্যায় 'আল্লামা ত্বীবী (রহিমাহল্লাহ) বলেনঃ এতে দু'টি দৃষ্টিভঙ্গি রয়েছে। প্রথমতঃ 'আখিরাতে তার জন্য কোন অংশ নেই' এর অর্থ হলো পরকালে জান্নাতে। আল্লাহ তা'আলার নি'আমাতরাজিতে তার কোন প্রাপ্যতা নেই। দ্বিতীয়তঃ আখিরাতের বিষয়ের প্রতি বিশ্বাসে তার কোন অংশ নেই। তিনি আরো বলেন, এ কথাটি তার জান্নাতে প্রবেশের অ্যোগ্যতা প্রমাণ করে।

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ কখনো এ কথার মর্মার্থে বলা হয়ে থাকে যে, যার আখিরাতে কোন প্রাপ্যতা নেই সেই দুনিয়াতে রেশমী কাপড় পরিধান করে থাকে। আবার এমনটিও বলা হয় যে, যার কোন দীন ধর্ম নেই



সেই দুনিয়াতে রেশমী কাপড় পরিধান করে।

প্রথমটি কাফিরদের ক্ষেত্রে প্রয়োগ হয়। আর দ্বিতীয়টি কাফির মুসলিম সকলকে অন্তর্ভুক্ত করে নেয়। অর্থাৎ-কাফিরের ক্ষেত্রে কথাটি প্রায়োগিক। কিন্তু ঈমানদারদের ব্যাপারে এটি হলো কঠোরতা প্রদর্শনই শুধু।

অথবা মু'মিনরা শুরুতেই জান্নাতে যাবে না বরং রেশমী কাপড় পরিধানের শাস্তি ভোগ করে, তারপর জান্নাতে যাবে। (মিরকাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৬৮; ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৫৮৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন